

■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৫৫৫

৪৯/ ইলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ ৫. আখিরী যমানায় ইলম উঠে যাওয়া, মূর্খতা ও ফিতনা প্রকাশ পাওয়া প্রসঙ্গে

بَابِ رَفْعِ الْعِلْمِ وَقَبْضِهِ وَظُهُورِ الْجَهْلِ وَالْفِتْنَ فِي أَخِرِ الزَّمَانِ

আরবী

حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى التُّجِيبِيُّ، أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ وَهْبٍ، حَدَّثَنِي أَبُو شُرِيفٍ، أَنَّ أَبَا الأَسْوَدِ، حَدَّثَهُ عَنْ عُرْوَةَ بْنِ الزُّبِيرِ، قَالَ قَاتَ لِي عَائِشَةَ يَا ابْنَ أُخْتِي بِلَغْنِي أَنْحَمَلَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عِلْمًا كَثِيرًا - قَالَ - فَلَقِيَتُهُ فَسَاءَتْهُ عَنْ أَشْيَاءَ يَذْكُرُهَا عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ . قَالَ عُرْوَةُ فَكَانَ فِيمَا ذَكَرَ أَنَّ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ " إِنَّ اللَّهَ لَا يَنْتَزِعُ الْعِلْمَ مِنَ النَّاسِ اِنْتِزَاعًا وَلَكِنْ يَقْبِضُ الْعُلَمَاءَ فَيَرْفَعُ الْعِلْمَ مَعَهُمْ وَيُبْقِي فِي النَّاسِ رُءُوسًا جُهَالًا يُفْتَنُهُمْ بِغَيْرِ عِلْمٍ فَيَضْلُلُونَ وَيُضْلَلُونَ " . قَالَ عُرْوَةُ فَلَمَّا حَدَّثَتْ عَائِشَةَ بِذَلِكَ أَعْظَمَتْ ذَلِكَ وَأَنْكَرَتْهُ قَاتَ أَحَدَثَكَ أَنَّهُ سَمِعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ هَذَا قَالَ عُرْوَةُ حَتَّى إِذَا كَانَ قَابِلًّا قَاتَ لَهُ إِنَّ ابْنَ عَمْرُو قَدْ قَدَمَ فَالْفُهْمُ فَاتَّهُ حَتَّى تَسَأَلُهُ عَنِ الْحَدِيثِ الَّذِي ذَكَرَهُ لَكَ فِي الْعِلْمِ - قَالَ - فَلَقِيَتُهُ فَسَاءَتْهُ فَذَكَرَهُ لِي نَحْوَ مَا حَدَّثَنِي بِهِ فِي مَرْتَهِ الْأُولَى . قَالَ عُرْوَةُ فَلَمَّا أَخْبَرْتُهَا بِذَلِكَ قَاتَ مَا أَحْسِبُهُ إِلَّا قَدْ صَدَقَ أَرَاهُ لَمْ يَزِدْ فِيهِ شَيْئًا وَلَمْ يَنْقُصْ .

বাংলা

৬৫৫৫। হারামালা ইবনু ইয়াহইয়া তুজীবী (রহঃ) ... উরওয়া ইবনু যুবায়র (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমাকে আয়িশা (রাঃ) বললেন, হে আমার ভগ্নীপুত্র! আমার কাছে খবর এসেছে যে, আবদুল্লাহ ইবনু আমর (রাঃ) আমাদের সঙ্গে হজ্জ পালন করতে এসেছেন। তুমি তাঁর সঙ্গে সাক্ষাৎ কর এবং হাদীস জিজ্ঞাসা করতে থাক। কেননা, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বহু জ্ঞান অর্জন করেছেন। তিনি (উরওয়া) বলেন, তখন আমি তাঁর সঙ্গে সাক্ষাৎ করে তাঁর নিকট এমন অনেক বিষয়ে জিজ্ঞাসা করলাম, যা তিনি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন।

উরওয়া (রহঃ) বলেন, সে সব বিষয়ের মধ্যে একটি ছিল এই যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তাআলা মানুষের কাছ থেকে ইলম ছিনিয়ে নেবেন না। তবে তিনি আলিমদের উঠিয়ে নেবেন। সুতরাং তাদের সঙ্গে ইলমও উঠে যাবে। আর মানুষের মাঝে অবশিষ্ট রাখবেন জাহিল নেতৃবৃন্দকে। তারা না জেনে লোকদের ফাতওয়া দিবে। ফলে তারা পথভ্রষ্ট হবে এবং অন্যদের পথভ্রষ্ট করবে।

উরওয়া (রহঃ) বলেন, আমি যখন এই হাদীসটি আয়িশা (রাঃ) এর কাছে বর্ণনা করলাম তখন তিনি একে গুরুত্বপূর্ণ মনে করলেন এবং তাতে আপত্তি করে বললেন, তিনি [আবদুল্লাহ ইবনু আমর (রাঃ)] কি তোমাকে হাদীস শুনিয়েছেন যে, তিনি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে এটি বলতে শুনেছেন?

উরওয়া (রহঃ) বললেন, যখন পরবর্তী বছর এল তখন তিনি [আয়িশা (রাঃ)] তাকে (উরওয়া কে) বললেন, নিশ্চয়ই ইবনু আমর (রাঃ) আগমন করেছেন। তার সঙ্গে সাক্ষাৎ কর। এরপর তার কাছে পুনরায় বুঝে নিবে এবং তাকে সেই হাদীস সম্পর্কে জিজ্ঞাসা করবে যা ইলম বিষয়ে তিনি তোমার কাছে উল্লেখ করেছেন।

উরওয়া (রহঃ) বললেন, তখন আমি তার সঙ্গে দেখা করে তাঁকে জিজ্ঞাসা করলাম। তখন তিনি তা আমার কাছে উল্লেখ করলেন, যেমন প্রথমবার তা বর্ণনা করেছিলেন। উরওয়া বলেন, যখন আমি তাকে (আয়িশা (রাঃ) কে) বিষয়টি অবহিত করলাম তখন তিনি বললেন, আমি আবদুল্লাহ ইবনু আমর (রাঃ) কে সত্যবাদী বলে জানি এবং তিনি এতে (এই হাদীসে) কিছু মাত্র বেশী কিংবা কম করেননি।

English

'Urwa b. Zubair reported that 'A'isha said to him:
This news has reached me that 'Abdullah b. 'Amr al-'As would pass by us during the Hajj season, so you meet him and ask him (about religious matters) as he has acquired great knowledge from Allah's Messenger (ﷺ). I thus met him and asked him about things which he narrated from Allah's Messenger (ﷺ). And amongst these the one he mentioned was that Allah's Apostle (ﷺ) said: Verily, Allah does not take away knowledge from people directly but he takes away the scholars and consequently takes away (knowledge) along with them and leaves amongst persons the ignorant as their leaders who deliver religious verdicts without (adequate) knowledge and themselves go astray and lead others astray. 'Urwa said: When I narrated this to 'A'isha, she deemed it too much (to believe) and thus showed reluctance to accept that (as perfectly true) and said to, 'Urwa: Did he ('Abdullah b. 'Amr) say to you that he had heard Allah's Apostle (ﷺ) as saying: ('Urwa had forgotten to ask this from 'Abdullah b. 'Amr). So when it was the next year, she ('A'isha) said to him ('Urwa): Ibn Amr has come (for Hajj), so meet him. talk to him and ask him about this hadith that he narrated to You (last year on the occasion of the Hajj) pertaining to

knowledge. He ('Urwa), said: So I met him, and asked about it and he narrated to me exactly like one that he had narrated (to me) for the first time. So when I informed her ('A'isha) about that, she said: I do not think but this that he has certainly told the truth and I find that he has neither made any addition to it, nor missed anything from it.

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ উরওয়াহ বিন যুবাইর (রহ.)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=18878>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন